

অবৈধভাবে শিক্ষক নিয়োগের পরীক্ষা ফুলপুরে হাইস্কুলের প্রধান শিক্ষক ও সভাপতি আটক, জরিমানা

ফুলপুর (ময়মনসিংহ) প্রতিনিধি •

অবৈধভাবে শিক্ষক নিয়োগের সময় গত মঙ্গলবার ময়মনসিংহ ফুলপুর পাইলট উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সভাপতিকে আটক করে ধানায় নেওয়া হয়। পরে তাঁদের দুজনের প্রায় ৬০ হাজার টাকা জরিমানা করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয় ও বিদ্যালয় থেকে জানা যায়, ফুলপুর সদরে অবস্থিত ফুলপুর পাইলট উচ্চবিদ্যালয়ে গত মঙ্গলবার প্রতি (ভাষা শিক্ষা, কম্পিউটার প্রদর্শক, গণিত ও বিজ্ঞান) বিষয়ে একজন করে মোট চারজন শিক্ষক নেওয়ার জন্য নির্ধিত ও মৌখিক পরীক্ষার ব্যবস্থা করা হয়। তাঁদের মধ্যে ভাষা শিক্ষা বিষয়ে বিউটি ফারজানা, আবদুস সালাম, আজিম উদ্দিন, রাবেয়া বেগম ও সাইদুল হক তালুকদার আবেদন করেন। কিন্তু পরীক্ষা দিতে আসেন বিউটি ফারজানা ও আবদুস সালাম। কিন্তু দুজন প্রার্থী দিয়ে পরীক্ষা নেওয়া বিধিপত্র নয়। এ কারণে ওই স্কুলের প্রধান শিক্ষক আক্রাম হোসেন ও সভাপতি মোতাজ্জিন হোসেন অনুপস্থিত আবেদনকারী সাইদুল হক তালুকদারের নামে

তুয়া একমুদ প্রার্থী দেবিয়ে পরীক্ষা শুরু করেন। খবর পেয়ে ইউএনও এ এস এম ফেরদৌস ওই বিদ্যালয়ে পৌছলে তুয়া পরীক্ষার্থী চলে যান।

পরে অবৈধভাবে শিক্ষক নিয়োগের ব্যবস্থা করার অভিযোগে প্রধান শিক্ষক ও সভাপতিকে আটক করে ধানায় নেওয়া হয়। একপর্যায়ে রাতে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাঁদের ওই জরিমানা করেন ইউএনও। এ সময় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফজলুল হক ও ধানায় ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস আলম উপস্থিত ছিলেন।

আক্রাম হোসেন প্রথম অপেক্ষে করেন, ভাষা শিক্ষা বিষয়ে পাঁচজন আবেদন করেছিলেন। কিন্তু উপস্থিত হয়েছিলেন দুজন। দুজন দিয়ে পরীক্ষা নেওয়ার নিয়ম নেই। পরে সাইদুল হকের নামে একজন পরীক্ষা দিতে শুরু করেন এবং সেটা আমি জানি না। কিন্তু ওই তুয়া পরীক্ষার্থী থাকার অভিযোগে আমাদের আটক করে ধানায় নিয়ে যাওয়া হয়। এ সময় ভ্রাম্যমাণ আদালত আমাকে নয় হাজার টাকা ও সভাপতিকে ৫০ হাজার টাকা জরিমানা করে জা আদায় করেন। ইউএনও ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।